

সুস্থতা যাচাইকরণ প্রশ্নাবলী

DOE ফ্যাসিলিটিগুলোতে সকল DOE-এর শিক্ষার্থী, কর্মী, পরিবার, এবং দর্শনার্থীদের অবশ্যই একটি সুস্থতা যাচাইকরণ (হেলথ স্ক্রিনিং) পূরণ করতে হবে। এই সুস্থতা যাচাইকরণ (হেলথ স্ক্রিনিং) প্রতিদিন উপস্থিত হবার পূর্বে পূরণ করতে হবে। এছাড়াও এই সুস্থতা যাচাইকরণ (হেলথ স্ক্রিনিং) অনলাইনে, উল্লিখিত ওয়েবসাইটে পূরণ করা যাবে: <https://healthscreening.schools.nyc/>। ভবন বা ফ্যাসিলিটিতে প্রবেশের পর, যদি আপনি ইতোমধ্যে অনলাইনে সুস্থতা যাচাইকরণ (হেলথ স্ক্রিনিং) পূরণ না করে থাকেন, তাহলে আপনাকে নিচের প্রশ্নগুলোর জবাব দিতে বলা হবে। স্মরণ করিয়ে দিচ্ছি যে, আমাদের স্কুল ভবনগুলোতে প্রবেশ করতে DOE-এর সকল কর্মীর অবশ্যই টিকাপ্রাপ্ত বা ভ্যাকসিনেটেড হতে হবে।

- আপনি COVID-19-এর উপসর্গগুলো আপনার মাঝে লক্ষ্য করেছেন কি, এতে রয়েছে 100.0 ডিগ্রি F কিংবা এরচেয়ে বেশি জ্বর, কাশি, বিগত 10 দিনের মাঝে শুরু হওয়া স্বাদ কিংবা ঘ্রাণশক্তি বিলোপ অথবা শ্বাস কষ্ট?
 - না। পরবর্তী প্রশ্নটি দেখুন।
 - হ্যাঁ, এবং উপসর্গ শুরু হবার পর গৃহীত আমার কোভিড-19 (COVID-19)-এর আণবিক পরীক্ষার ফলাফল নেগেটিভ এসেছে এবং কোনো ঔষধ সেবন না করে অন্তত 24 ঘন্টা জ্বর আসেনি। পরবর্তী প্রশ্নটি দেখুন।
 - হ্যাঁ, এবং আমি উপরোক্ত শ্রেণীবিভাগের অন্তর্ভুক্ত নই। আর যাচাইয়ের প্রয়োজন নেই। আপনি ভবনে প্রবেশ করতে পারবেন না।
- বিগত 10 দিনে, আপনি একটি COVID-19 ডায়াগনস্টিক টেস্ট থেকে পজিটিভ ফলাফল পেয়েছেন কি? অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, 10 দিনের গণনা শুরু হবে আপনার পরীক্ষা নেওয়ার দিন থেকে, আপনি যেদিন পরীক্ষার ফল পান, সেদিন থেকে নয়।
 - না। পরবর্তী প্রশ্নটি দেখুন।
 - হ্যাঁ। আর যাচাইয়ের প্রয়োজন নেই। আপনি ভবনে প্রবেশ করতে পারবেন না।
- আপনি কি CDC-এর পথনির্দেশনা অনুযায়ী কোভিড-19 (COVID-19)-এর বিরুদ্ধে সম্পূর্ণ টিকাপ্রাপ্ত বা ভ্যাকসিনেটেড হিসেবে বিবেচিত?¹
অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, CDC-এর পথনির্দেশনা অনুযায়ী পুরোপুরি টিকাপ্রাপ্ত হিসেবে বিবেচিত হবার জন্য, আপনি দুই-ডোজ সিরিজের দ্বিতীয় ডোজটি নেয়ার পর দুই সপ্তাহ অবশ্যই পার হতে হবে কিংবা একক-ডোজের টিকা বা ভ্যাকসিন গ্রহণের পর অবশ্যই দুই সপ্তাহ পার হতে হবে।
 - হ্যাঁ, আমি সম্পূর্ণ টিকাপ্রাপ্ত বা ভ্যাকসিনেটেড হিসেবে বিবেচিত। আপনি 4 নং প্রশ্ন এড়িয়ে যেতে এবং বিল্ডিংয়ে প্রবেশ করতে পারেন।
 - না, আমি পুরোপুরি টিকাপ্রাপ্ত হিসেবে বিবেচিত নই। পরবর্তী প্রশ্নটি দেখুন।
- বিগত দশ দিনে, কোভিড-19 (COVID-19) টেস্ট বা পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে এমন কোন ব্যক্তির কাছাকাছি এসেছেন কি অথবা আপনার বাড়িতে কারও কোভিড-19 (COVID-19) টেস্ট বা পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে কি?
 - না। আপনি ভবনে প্রবেশ করতে পারবেন।
 - হ্যাঁ, এবং আমি কোয়ারেন্টিন-এ থাকাকালীন সময় পঞ্চম (5) অথবা এর পরবর্তী কোনও দিনে করা কোভিড-19 (COVID-19) ডায়াগনস্টিক টেস্ট বা পরীক্ষার, ল্যাব থেকে নিশ্চিতকৃত, নেগেটিভ ফলাফলের প্রমাণসহ, অষ্টম (8) দিনে ফিরে আসছি। আপনি ভবনে প্রবেশ করতে পারবেন।
 - হ্যাঁ, এবং বিগত 3 মাসে, আমি নিশ্চিতকৃত কোভিড-19 (COVID-19) (ডায়াগনস্টিক টেস্ট পজিটিভ এসেছে) থেকে সুস্থ হয়েছি। আপনি ভবনে প্রবেশ করতে পারবেন।
 - হ্যাঁ। আর যাচাইয়ের প্রয়োজন নেই। আপনি ভবনে প্রবেশ করতে পারবেন না।

স্মারক হিসেবে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ-এর বাধ্য-বাধকতা, সেন্টারস্ ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন-এর সুপারিশ, এবং DOE-এর নীতি অনুযায়ী, কোনও DOE ভবনের অভ্যন্তরে অবস্থিত সকল ব্যক্তির এবং DOE-এর অফিসে অবস্থিত সকল DOE কর্মী ও কন্ট্রাকটরদের অবশ্যই নাক-মুখের আবরণ (মাস্ক) পরিধান করতে হবে, যদিনা তারা আহার অথবা পানীয় পান করছে অথবা তাদের চিকিৎসাগত কারণে কোনও ছাড় রয়েছে।

এই স্বাস্থ্য যাচাইকরণের উদ্দেশ্য একটি বিকল্প পেশাদারী চিকিৎসাগত পরামর্শ, রোগ নির্ণয় অথবা চিকিৎসা প্রদান করা নয়। শারীরিক অবস্থা সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে সবসময়ই কোনো যোগ্যতা সম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে পরামর্শ নেন। সুস্থতা যাচাইকরণের (হেলথ স্ক্রিনিং) ফলাফল পর্যালোচনা করা হবে শুধুমাত্র ফ্যাসিলিটিতে প্রবেশ করতে দেয়ার উদ্দেশ্যে এবং গোপনীয়তা বজায় রাখা হবে।

পরিস্থিতি পরিবর্তনের সাথে সাথে NYC ডিপার্টমেন্ট অফ এডুকেশন সুপারিশ পরিবর্তন করতে পারে।

4 অক্টোবর, 2021

¹ 90 দিন গণনা শুরু হবে যে তারিখে আপনার উপসর্গগুলো দেখা গেছে অথবা, যদি আপনার কোনও উপসর্গ না থেকে থাকে, তবে 90 দিন শুরু হবে আপনার পজিটিভ আসার তারিখ থেকে।